দামুড়হুদার বাঘাডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠ ভুট্টা ব্যবসায়ীদের দখলে

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের একমাত্র খেলার মাঠ বাঘাডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ এখন ভুট্টা ব্যবসায়ীদের দখলে। তারা পুরো খেলার মাঠ দখল করে শত শত মন ভুট্টা শুকানোয় ব্যাস্থ সময় পার করছেন। এতে করে কোমলমতি শিক্ষার্থীরা খেলাধুলা থেকে বঞ্চিত হচ্ছেন।এতে করে ক্ষুব্ধ হয়ে পড়েছে গ্রামবাসী।

জানা গেছে, ভুট্টা ব্যবসায়ীরা বাঘাডাঙ্গা গ্রামের কথিত এক মাতব্বর ও স্কুলের ম্যানেজিং কমিটিকে মোটা অঙ্কের টাকা দিয়ে খেলার মাঠ লিজ নিয়ে ভুট্টা শুকাচ্ছেন। ভুট্টা শুকানোর ফলে এ ধুলাবালি বিদ্যালয়ে প্রবেশ করার কারনে বিদ্যালয়ের কোমলমতি শিশু শিক্ষার্থীদের শ্বাসকষ্ট সহ বিভিন্ন রোগ দেখা দেবার জোর সম্ভাবনার সৃষ্টি হচ্ছে অপরদিকে তারা শারিরিক ও মানসিক ভাবে বিকশিত হতে বাধাগ্রস্থ হচ্ছে।

এ বিষয়ে জানতে বিদ্যালয়টির পরিচালনা পরিষদের সভাপতি হাসানুজ্জামান বলেন আমরা স্কুলের কারো কাছে লিজ দেয়নি সে জোর করে ভুট্টা শুকাচ্ছে।

বিদ্যালয়ের খেলার মাঠে কোমলমতি শিশু শিক্ষার্থীদের অধিকার ফিরিয়ে দিতে ও যুব সমাজকে মাদকের ভয়াল থাবা থেকে রক্ষা করতে অনতিবিলম্বে খেলার মাঠ থেকে ভ্ট্টুা ব্যবসায়ীদের সরাতে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।